নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম এন আই এস বিভাগ-২, ঢাকা।
ডায়েরী নং- ১৯৪০
তারিখ ঃ- ১৭।৭।২২
গ্রহণকারী ঃ-
অ: স: | স: প্র: | উ: বি: প্র: | নি: প্র:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলীর কার্যালয়

গণপূর্ত অধিদপ্তর

হিসাব শাখা-১

পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

www.pwd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.১০২.২২.৮৬৪

তারিখ: ১৭ আষাঢ় ১৪২৯
০১ জুলাই ২০২২

বিষয়: **২০২১-২০২২ আর্থিক সালে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বরাদ্দকৃত অর্থ হতে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের (কোড নং-১৫৫) আওতায় "ঢাকার বেইলী রোডে পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স নির্মাণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের (প্রকল্প কোড-২২৪০৯৬১০০) অনুকূলে ৩য়-৪র্থ কিস্তির অর্থ** বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০২১-২০২২ আর্থিক সালে খরচ করার জন্য ৩য়-৪র্থ কিস্তি বাবদ মোট ৪২৪৭.৫০ লক্ষ (বিয়াল্লিশ কোটি সাতচল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা নিম্নবিভাজন মোতাবেক বরাদ্দ প্রদান করা হলো :

| কোড/ খাতের বিবরণ | অর্থ বরাদ্দ (লক্ষ টাকা) | | | গণপূর্ত বিভাগ |
|---|---|---|---|---|
| | ৩য় কিস্তি | ৪র্থ কিস্তি | মোট বরাদ্দ | |
| ৪১১১২০১-অনাবাসিক ভবন | ৫২৪.২৫ | ২২৮১.৮৯ | ২৮০৬.১৪ | নগর গণপূর্ত বিভাগ, ঢাকা |
| | ১০০.০০ | ১৩৪১.৩৬ | ১৪৪১.৩৬ | গণপূর্ত ই/এম বিভাগ-২, ঢাকা |
| মোট : | ৬২৪.২৫ | ৩৬২৩.২৫ | ৪২৪৭.৫০ | -- |

উক্ত খরচ উপসচিব, পরিকল্পনা শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর যথাক্রমে স্মারক নং-২৯.০০.০০০০.২২৬.১৪.৬৯০.১৬-২৩০ তারিখঃ ২৯/০৫/২০২২খ্রিঃ এবং স্মারক নং-২৯.০০.০০০০.২২৬.১৪.৬৯০.১৬-১৫০ তারিখঃ ১০/০৩/২০২২খ্রিঃ এর মাধ্যমে মঞ্জুরিকৃত এবং চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এর যথাক্রমে স্মারক নং-/২৬৫২ তারিখঃ ১৯/০৪/২০২২খ্রিঃ এবং স্মারক নং-/২৭৭১ তারিখঃ ১৫/০৬/২০২২খ্রিঃ এর দ্বারা পৃষ্ঠাংকনের মাধ্যমে ন্যস্তকৃত ৪২৪৭.৫০ লক্ষ টাকা উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৫২, ১৫৫০১০১-সচিবালয় পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, হিসাবের কোড নং-৫-১৫৫০১০১-২২৪০৯৬১০-৪১১১২০১ খাতে চলতি ২০২১-২০২২ আর্থিক সালে এডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে সংকুলান/বহন করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করতঃ এ অধিদপ্তরকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে। **উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে :**

**শর্তসমূহ :**

ক) উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুণর্ভরনযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বহির্ভূত)।

খ) এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।

গ) ছাড়কৃত অর্থ অনুমোদিত আরডিপিপি'র অংগ ভিত্তিক বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে।

ঘ) অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত Delegation of Financial Power অনুসারে প্রকল্প পরিচালক আর্থিক ক্ষমতা প্রয়োগ করবে ।

ঙ) নির্বাহী প্রকৌশলী, নগর গণপূর্ত বিভাগ, ঢাকা সুষ্ঠুভাবে প্রকল্প বাস্তবায়ন করবেন। তিনি যাবতীয় রেকর্ড পত্র ও বিল ভাউচার সংরক্ষণ করবেন এবং অডিট এর জন্য দায়ী থাকবেন।

চ) অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রকল্পের সকল ব্যয় (আবর্তক ও মূলধন) প্রকল্প পরিচালকের তত্ত্বাবধানে নিষ্পন্ন করতে হবে।

ছ) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ (সর্বশেষ সংশোধনীসহ) অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

জ) অর্থ ব্যয়/ এ কাজের বিল পরিশোধের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকিবেন।

ঝ) চলতি আর্থিক সালে বরাদ্দকৃত অর্থ খরচ করতে হবে এবং খরচের হিসাব অত্র দপ্তরে দাখিল করতে হবে।

ঞ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পন করতে হবে।

১-৭-২০২২

মোঃ শহিদুল আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)
ফোন: ০২২২৩৩৮৮৯১৪
ইমেইল: se_coord@pwd.gov.bd

বিতরণ :

১) নির্বাহী প্রকৌশলী, নগর গণপূর্ত বিভাগ, ঢাকা।

২) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম বিভাগ-২, ঢাকা।

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.১০২.২২.৮৬৪/১(২০)

তারিখ: ১৭ আষাঢ় ১৪২৯
০১ জুলাই ২০২২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুযায়ী নয়) :

১) হিসাব মহানিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।

২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সংস্থাপন ও সমন্বয়), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা ও বিশেষ প্রকল্প), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত মেট্রোপলিটন জোন, ঢাকা।

৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ই/এম), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৬) মহাপরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট ভবন কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।

৭) প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব), ঢাকার বেইলী রোডে পার্বত্য চট্টগ্রাম কমপ্লেক্স নির্মাণ প্রকল্প (১ম সংশোধিত), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প সার্কেল -১, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

৯) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত মনিটরিং ও অডিট সার্কেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

১০) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা গণপূর্ত সার্কেল-১, ঢাকা।

১১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত ই/এম সার্কেল-১, ঢাকা।

১২) উপসচিব, পরিকল্পনা-১ শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৩) উপসচিব, বাজেট-১৮ শাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৪) প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

১৫) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

১৬) চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রানালয়, ২য় ১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

১৭) চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, ৪র্থ তলা, সেগুনবাগিচা, ঢাকা।

১৮) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

১৯) হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

২০) গার্ড নথি।

১-৭-২০২২

মোঃ শহিদুল আলম

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)